

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd

নং-২৬.০৪.০০০০.১১০.২৯.০১৫.১৯.৩৯৯

তারিখঃ ০৩ অক্টোবর ২০১৯

বিষয়ঃ ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ বিষয়ে সেমিনার আয়োজন।


সরকার জগগণের বহুল কাঙ্ক্ষিত জনবান্ধব আইন “ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর মাধ্যমে দেশে প্রতিদিনই বাজার তদারকি করে অপরাধ দমন করে চলেছে এবং ভোক্তাগণ আইন অনুযায়ী তার প্রতিকার পাচ্ছেন।

ভোক্তা-অধিকার আইন, ২০০৯ সঠিক বাস্তবায়নের লক্ষ্যে দেশের সকল বিভাগ ও জেলায় জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয় স্থাপিত হয়েছে। আইনটি অধিকতর প্রচারের লক্ষ্যে সকল জেলায় ভোক্তা-অধিকার সংরক্ষণ কমিটি এবং প্রবিধানমালা অনুযায়ী সকল উপজেলা ও ইউনিয়নে ভোক্তা-অধিকার সংরক্ষণ কমিটি গঠিত হয়েছে। এ আইনের বিষয়ে অধিকতর প্রচারের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সভা, সেমিনার, ইত্যাদি আয়োজন করা প্রয়োজন। জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের এপিএ (Annual Performance Agreement) লক্ষ্যমাত্রা অর্জনের স্বার্থে চলতি বছর সারা দেশে ৭১০টি সেমিনার আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে এ সেমিনারগুলো অনুষ্ঠিত হবে।

ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ বাস্তবায়ন এবং এ বিষয়ে গৃহীত কার্যক্রম সম্পর্কে আপনার জেলায় আপনার নেতৃত্বে ০৫ ডিসেম্বর ২০১৯ তারিখের মধ্যে একটি সেমিনার আয়োজন করার জন্য আপনাকে অনুরোধ করছি। আপনার জেলার ভোক্তা-অধিকার সংরক্ষণ কমিটির সদস্যগণ, সকল সরকারী অফিসের কর্মকর্তাগণ, ব্যবসায়ী সংগঠন, বেসরকারী সংস্থাসমূহের কর্মকর্তাগণের সম্মুখে সেমিনারটি অনুষ্ঠিত হতে পারে।

প্রস্তাবিত এ সেমিনার অনুষ্ঠানের ব্যয় নির্বাহ করার জন্য প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয় এর মাধ্যমে আপনার বরাবরে ৮,০০০/- (আট হাজার) টাকা বাজেট বরাদ্দ প্রদান করা হবে। এ বিষয়ে এই অধিদপ্তরের জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আপনাকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।

এমতাবস্থায়, আপনার জেলার সংশ্লিষ্ট সকলকে সম্পূর্ণ করে একটি সুবিধাজনক ভেন্যুতে ০৫ ডিসেম্বর ২০১৯ তারিখের মধ্যে একটি সেমিনার আয়োজন করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখের মধ্যে এক পাতার মধ্যে একটি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করছি।



(বাবলু কুমার সাহা)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৮১৮৯০২৬

মেইল: dg@dncrp.gov.bd

জেলা প্রশাসক (সকল)


.....

নং-২৬.০৪.০০০০.১১০.২৯.০১৫.১৯.৩৯৯

তারিখঃ ০৩ অক্টোবর ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বিভাগীয় কমিশনার, বিভাগ.....।
- ২। উপপরিচালক, সকল বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর,.....।
- ৩। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সহকারী পরিচালক, জেলা কার্যালয়, জাতীয় ভোক্তা- অধিকার সংরক্ষণ অধিদপ্তর,..... (সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করে উক্ত সেমিনার অনুষ্ঠান নিশ্চিত করার অনুরোধসহ)।



রজবী নাহার রজনী

সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও প্রচার)